**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** Anandabazar Patrika
**Page No:** 09
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

আনন্দবাজার পত্রিকা

# রাজ্যে শিল্পের স্বার্থে পদক্ষেপের আশ্বাস মন্ত্রীর

নিজস্ব সংবাদদাতা

বড়-ছোট-মাঝারি, রাজ্যের কাছে সব শিল্পই সমান। এখানে সকলেই গুরুত্বপূর্ণ— শুক্রবার বণিকসভা ক্যালকাটা চেম্বারের অনুষ্ঠানে এই বার্তাই দিলেন রাজ্যের শিল্পমন্ত্রী শশী পাঁজা। পাশাপাশি লগ্নি টানতে পশ্চিমবঙ্গে সহায়ক পরিবেশ তৈরির বাতাবরণকে আরও প্রসারিত করতে পদক্ষেপেরও আশ্বাস দিয়েছেন তিনি।

মাস কয়েক আগে শিল্প দফতরের দায়িত্ব নেওয়ার পরে বিভিন্ন বণিকসভায় শশী দাবি করেছেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে তৃণমূল কংগ্রেস এ রাজ্যে তৃতীয় বার ক্ষমতায় এসে রাজনৈতিক ও প্রশাসনিক স্থিতিশীলতা আরও নিশ্চিত করেছে। যা লগ্নিকারীদের পুঁজি ঢালার আগে স্থানীয় পরিবেশ যাচাই করার ক্ষেত্রে অন্যতম মাপকাঠি। এ দিনও শিল্পমন্ত্রী সেই বার্তাই দেন।

পশ্চিমবঙ্গে বড় শিল্পের অভাব নিয়ে প্রায়শই সরকারকে কটাক্ষ করে থাকেন বিরোধীরা। সে প্রসঙ্গ এ দিন না উঠলেও শশীর দাবি, লগ্নিকারী বড়, ছোট না মাঝারি, সেই বিচারে কোনও নাম রাজ্যের কাছে জরুরি নয়। সবাই গুরুত্বপূর্ণ। তিনি বলেন, দিনে হোক বা রাতে, ওষুধের যেমন যে কোনও সময়েই প্রয়োজন পড়ে, তেমনই গুরুত্বপূর্ণ শিল্প। তাই রাজ্যও শিল্পকে দিবারাত্র সহায়তা দিতে প্রস্তুত।

বিরোধীদের আরও একটি বড় সমালোচনার জায়গা হল শিল্পের জন্য জমি। তাদের অভিযোগ, বিশেষ করে বড় শিল্পের জন্য প্রয়োজনীয় জমি পাওয়ার সমস্যা রয়েছে রাজ্যে। এটি ভ্রান্ত ধারণা দাবি করে শশীর বার্তা,



শশী পাঁজা।

এ নিয়ে রাজ্যের সুস্পষ্ট পরিকল্পনা রয়েছে। যা সুপ্রিম কোর্টও সমর্থন করেছে। পশ্চিমবঙ্গে লগ্নিকারীরা সরাসরি জমিদাতাদের সঙ্গে কথা বলে তা জোগাড় করতে পারেন। নয়তো বিভিন্ন সরকারি শিল্প পার্কে যে ১০,০০০ একরেরও বেশি রয়েছে, সেখানে বাকি জমি নিতে পারেন।

প্রসঙ্গত, বিরোধীদের একাংশের দাবি, বাম আমলে ওই জমিগুলি অধিগ্রহণ করেই শিল্প পার্কগুলি তৈরি করা হয়েছিল। তাই বড় শিল্পের জমির প্রয়োজন মেটাতে পারে সেগুলি। না হলে সরাসরি জমি কিনে বড় শিল্প গড়া সহজ নয়।

এ দিন মন্ত্রী জানান, মুখ্যমন্ত্রীর নির্দেশ মতো রাজ্যে সহজে ব্যবসার পরিবেশ গড়ার কাজ চালাচ্ছেন তাঁরা। যেমন এক জানলা ব্যবস্থার পোর্টাল শিল্পসাথীর আধুনিক সংস্করণ আগামী ডিসেম্বরেই চালু হবে বলে আশা তাঁদের। লজিস্টিকস বা পরিবহণ নীতি নিয়েও চূড়ান্ত পর্যায়ের কাজ চলছে।

launcherZ
Public Relations & Events

**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** Eisamay
**Page No:** 04
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

এইসময়

# শিল্প ক্ষেত্রে বৈষম্য করে না রাজ্য: শশী

**এই সময়:** বৃহৎ, মাঝারি ও ছোট শিল্পের মধ্যে কোনও বৈষম্য করে না রাজ্য। সরকার মনে করে শিল্প ক্ষেত্রে বড়, মাঝারি, ছোট— সব নামই গুরুত্বপূর্ণ। শুক্রবার কলকাতায় ক্যালকাটা চেম্বার অফ কমার্সের বার্ষিক সাধারণ সভায় একথা জানিয়েছেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী শশী পাঁজা।

তিনি বলেন, 'রাজ্য সরকার মনে করে শিল্পে বড়, মাঝারি ও ছোট নাম— সকলে গুরুত্বপূর্ণ। শিল্প ওষুধের মতো ২৪X৭ ভিত্তিতে প্রয়োজন। সেই কারণেই আমরা ২৪X৭ ভিত্তিতে শিল্পকে সাহায্য ও সহায়তা করতে রয়েছি।'

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বারে বারেই বলেন যে রাজ্য সরকার শিল্প ক্ষেত্রে কোনও রকম বৈষম্য করে না। কয়েক দিন আগে শিলিগুড়িতে বিজয়া সম্মিলনীর অনুষ্ঠানেও তিনি সেকথা জানিয়েছিলেন। টানা তৃতীয়বার রাজ্যে মুখ্যমন্ত্রী হওয়ার পর মমতা রাজ্যে শিল্পায়ন ও কর্মসংস্থানকে সবাধিক অগ্রাধিকার দিচ্ছেন।

সেই সূত্রেই এদিন শশী বলেন, 'শিল্পমহল রাজনৈতিক স্থিতিশীলতাকে সর্বদা সবাধিক গুরুত্ব দেয়। টানা তৃতীয়বারের জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উপর রাজ্যবাসী বিশ্বাস রেখেছেন। ফলে, রাজ্যে রাজনৈতিক স্থিতিশীলতা বিরাট ভাবেই রয়েছে।'

এর পরেই রাজ্যে লগ্নি টানার লক্ষ্যে বণিকসভার প্রতিনিধিদের উদ্দেশে তাঁর আর্জি, 'আপনারা বহু বছর ধরে পশ্চিমবঙ্গে রয়েছেন। আপনারাই বাংলার অ্যাম্বাসাডার। আপনারা ধারাবাহিক ভাবে রাজ্যের কথা বলুন। বাংলাকে সবার সামনে তুলে ধরুন। তা হলে রাজ্যের বাইরের মানুষরাও বাস্তব চিত্র বুঝতে পারবে।'

শিল্পের জন্য রাজ্যে জমি সংক্রান্ত অভিযোগের যে কোনও ভিত্তি নেই তা-ও এদিন স্পষ্ট করে দিয়েছেন শিল্পমন্ত্রী। তাঁর বক্তব্য, 'জমি নিয়ে অনেক ভুল ধারণা রয়েছে। আমাদের সরকারের নীতি অত্যন্ত স্পষ্ট। যদি কোনও লগ্নিকারী বেসরকারি জমিতে শিল্প গড়তে চান, তা হলে সেই জমি নেওয়ার জন্য তাঁকে সরাসরি জমির মালিকদের সঙ্গে আলোচনা করে তা নিতে হবে। অন্যথায়, বিভিন্ন শিল্প পার্কে সরকারের প্রচুর জমি রয়েছে। সেই জমিতেও তাঁরা শিল্প গড়তে পারেন।'

তাঁর আশা আগামী ডিসেম্বরের মধ্যে পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগমের এক-জানালা ব্যবস্থা 'শিল্প সাথী' এখনকার তুলনায় সম্পূর্ণ নতুন ভাবে আত্মপ্রকাশ করবে। সেখানে শিল্প গড়ার জন্য যে সমস্ত ছাড়পত্র প্রয়োজন তার সবই মিলবে। রাজ্যের লজিস্টিকস নীতিও প্রায় চূড়ান্ত হয়ে গিয়েছে বলে তিনি জানিয়েছেন।

আগামী ৫ নভেম্বর নবান্নে ইস্টার্ন জোনাল কাউন্সিলের বৈঠকে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে রাজ্যে ডেডিকেটেড ফ্রেইট করিডর, রেল যোগাযোগ ইত্যাদি বিষয়ে আলোচনা হতে পারে বলে জানা গিয়েছে।

## বাজার দর

| গহনার সোনা | পাকা সোনা |
|---|---|
| ₹৪৮,৭৫০ (-₹১০০) | ₹৫১,৪০০ (-₹১০০) |

হলমার্কযুক্ত সোনার গয়না
₹৪৯,৫০০ (-₹১০০)

প্রতি ১০ গ্রামের দাম, কর অতিরিক্ত

রুপোর দর (প্রতি কেজি)
₹৫৮,০৫৮ (-₹৪৯২)

| | | | |
|---|---|---|---|
| মার্কিন ডলার | ৮২.১৮ | ▼ | ৪৮ |
| ইউরো | ৮১.৯৭ | ▼ | ৫১ |
| ইয়েন (প্রতি ১০০) | ৫৫.৮৭ | ▼ | ৯৮ |
| ব্রিটিশ পাউন্ড | ৯৫.৪৯ | ▼ | ১৬ |
| সেনসেক্স | ৫৯,৯৫৯.৮৫ | ▲ | ২০৩.০১ |
| নিফটি | ১৭,৭৮৬.৮০ | ▲ | ৪৯.৮৫ |

# বর্তমান

# শিল্পের সিঙ্গল উইন্ডো পোর্টাল ডিসেম্বরেই: শশী

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা:** এরাজ্যে শিল্প স্থাপনের ক্ষেত্রে যাতে সব প্রশাসনিক ছাড়পত্র একই ছাদের নীচে পাওয়া যায়, তার জন্য সিঙ্গল উইন্ডো সিস্টেম চালু করার কথা ঘোষণা করেছিল রাজ্য সরকার। অনলাইনে সেই ছাড়পত্রের সুযোগ করে দিতে 'শিল্পসাথী' নামে পোর্টাল চালু করা হয়েছিল। তা যাতে আরও সুষ্ঠুভাবে পরিষেবা দিতে পারে এবং শিল্পের সঙ্গে যুক্ত সব দপ্তরকে একযোগে ওই পোর্টালে আনা যায়, তার কাজ চলছে। সেই প্রযুক্তিগত কাজ শীঘ্রই শেষ হয়ে যাবে বলে মনে করছেন রাজ্যের শিল্পমন্ত্রী শশী পাঁজা। শুক্রবার বণিকসভার এক অনুষ্ঠানে তিনি বলেন, ডিসেম্বরে আমরা শিল্পসাথী পোর্টাল চালু করব। সেখানে জমি পাওয়া থেকে শুরু করে সব পরিষেবা পাবেন উদ্যোগপতিরা। পাশাপাশি তিনি জানিয়েছেন, রাজ্য সরকার আলাদা করে লজিস্টিকস নীতি আনছে। যেহেতু কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই একটি নীতি এনেছে, সেই তাগিদ থেকেই রাজ্য নীতি প্রণয়ন করছে। শশী পাঁজা বলেন, এই নীতির খসড়া তৈরি হয়ে গিয়েছে। তা দপ্তরে আলোচনার স্তরে আছে। এরপর তা মন্ত্রিসভার অনুমোদনের জন্য যাবে। পণ্য পরিবহণ ও তার মজুত সংক্রান্ত সব দিক খতিয়ে দেখে ওই পলিসি আনা হবে।



এদিন ক্যালকাটা চেম্বার অব কমার্স আয়োজিত ওই অনুষ্ঠানে শশী পাঁজা বলেন, রাজ্য সরকার শিল্পের মধ্যে কোনও বৈষম্য করে না। বড় অঙ্কের বিনিয়োগ হোক বা মাঝারি কিংবা ছোট— সবাইকেই সমান গুরুত্ব দেয় এই সরকার। যে কোনও সমস্যায় প্রশাসক হিসেবে তাঁদের সব সময় কাছে পাবে শিল্পমহল। রাজ্য সরকার নিজে যেমন দিনে ২৪ ঘণ্টা পরিষেবা দেয়, শিল্পদপ্তরও একই কাজ করে। পাশাপাশি শিল্পমন্ত্রীর দাবি, রাজ্যে শিল্প গড়ার জন্য জমির কোনও অভাব নেই। শিল্পপতিরা তা যেমন সরাসরি কিনে নিতে পারেন, তেমনই রাজ্যে দু'শোর বেশি শিল্পতালুক ও ১০ হাজার একরের বেশি জমি আছে। শিল্পসভায় শশী পাঁজা বার্তা দেন, রাজ্যের শিল্পপতিরা বাইরের রাজ্যে গিয়ে এখানকার ভালো দিকগুলি প্রচার করুন। রাজ্যে সত্যি সত্যিই যে পরিবর্তন হয়েছে, তা বলুন।

এদিন শিল্পমন্ত্রী আগামী ৫ নভেম্বর নবান্নে পাঁচ রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের বৈঠকের প্রসঙ্গ তুলে ধরেন। বলেন, সেখানে পূর্বাঞ্চলের পরিকাঠামো ও লজিস্টিকসের কথা উঠবে। একইসঙ্গে উঠবে লগ্নির প্রসঙ্গ। -ফাইল ছবি

Bartaman, 29.10.22, Kolkata

launcherZ Public Relations & Events
**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** Bartaman
**Page No:** 08
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

launcherZ
Public Relations & Events

**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** Dainik Vishwamitra
**Page No:** 04
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

# दैनिक विश्वमित्र




कलकत्ता चेम्बर आफ कामर्स की 191वीं वार्षिक आम सभा का उद्घाटन कर रहीं राज्य की उद्योग व वाणिज्य मंत्री डॉ. शशि पांजा। साथ में हैं चेम्बर अध्यक्ष शैलजा मेहता, नवनिर्वाचित अध्यक्ष किशन कुमार केजरीवाल, वरिष्ठ उपाध्यक्ष हरिशंकर हलवासिया, पूर्व अध्यक्ष आर.के. छाजेड़। – विश्वमित्र

**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** Prabhat Khabar
**Page No:** 08
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

प्रभात खबर




# 'राजनीतिक स्थिरता से मिलेगा निवेश को बढ़ावा'

**कोलकाता.** राज्य की उद्योग व वाणिज्य मंत्री डॉ शशि पांजा ने कहा है कि राज्य में मौजूद राजनीतिक स्थिरता की वजह से यहां निवेश को बढ़ावा मिलेगा. कलकत्ता चेंबर ऑफ कॉमर्स की 191वीं सालाना आम बैठक में बतौर मुख्य अतिथि पहुंचीं डॉ पांजा ने कहा कि राज्य सरकार सभी उद्यमियों को समान महत्व देती है. सरकार के पास सभी की पहुंच है. यहां की राजनीतिक स्थिरता निवेशकों को लुभायेगी. जमीन अधिग्रहण को लेकर लोगों में राज्य के प्रति भ्रामक छवि है. राज्य सरकार की भूमिका को सुप्रीम कोर्ट ने भी सही ठहराया है. डॉ पांजा ने कहा कि सरकार ने निवेशकों को यह अधिकार दिया है कि वह सीधे जमीन मालिकों से बात कर सकते हैं. इसके अलावा राज्य में 200 से अधिक औद्योगिक पार्क हैं. यहां भी कोई अपनी यूनिट लगा सकता है. डॉ पांजा ने कहा कि राज्य में 89 लाख एमएसएमई हैं, जो देश की कुल एमएसएमइ का 14 फीसदी हैं. एजीएम में डॉ पांजा ने चेंबर के बुकलेट का भी लोकार्पण किया. मौके पर चेंबर की अध्यक्ष शैलजा मेहता के अलावा प्रेसिडेंट इलेक्ट किशन कुमार केजरीवाल तथा चेंबर के पूर्व अध्यक्ष भी मौजूद थे.

launcherZ
Public Relations & Events

**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** The Asian Age
**Page No:** 03
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

THE ASIAN AGE

# Amit Shah to visit West Bengal Nov. 5

**RAJIB CHOWDHURI**
KOLKATA, OCT. 28

Union home minister Amit Shah will chair on November 5 the Eastern Zonal Council meeting at state secretariat Nabanna, which will be attended by West Bengal chief minister Mamata Banerjee and chief ministers of Sikkim, Bihar, Jharkhand and Odisha.

West Bengal commerce and industries minister Shashi Panja shared the details of the proposed meeting while speaking at 191st annual general meeting of the Calcutta Chamber of Commerce on Friday evening. "On November 5, there is a very important meeting. The Union home minister is coming here. It is the Eastern Zonal Council meeting involving five states: West Bengal, Sikkim, Bihar, Jharkhand and Odisha. It will be held at Nabanna. So we are expecting the CMs of other states also to come here," she said.

Dr Panja elaborated: "There are issues and agenda which are very important related to all the five states. Investment, railway connectivity and transport will obviously come up for discussion because CM Madam (Ms Banerjee) has been talking about a dedicated freight corridor. In PM Gati Shakti, they recently did not say that around 56 per cent of the programme have been completed. It has come up to the Bengal border. But that portion which is to connect from Bengal-Bihar to inside Bengal is yet to happen."

**Client:** Calcutta Chamber of Commerce
**Publication:** Millennium Post
**Page No:** 03
**Date:** 29th October 2022
**Event:** 191th Annual General Meet

millenniumpost
NO HALF TRUTHS

191ST ANNUAL GENERAL MEETING OF CAL CHAMBER OF COMMERCE

# 'Dedicated freight corridor to be discussed in meet with Home min'

**OUR CORRESPONDENT**

**KOLKATA:** State Industry, Commerce and Enterprises and Public Enterprises and Industrial Reconstruction minister Shashi Panja on Friday said the discussion on dedicated freight corridor will be broached upon during the Eastern Zonal Council Meeting with Union Home minister Amit Shah.

The meeting will be take place on November 5 at Nabanna, in presence of Chief Ministers from states, including Bihar, Jharkhand and Odisha. Panja, at the 191st Annual General Meeting of Calcutta Chamber of Commerce, also maintained that during the meeting, topics of railway and transport will also be discussed.

"56 per cent of the PM Gati Shakti has been completed and it's now at the Bengal border. It will have to be connected from the Bengal-Bihar border to interiors of Bengal. This will be discussed in the meeting as well," Panja said.

She also pointed out that the Jangal Sundari Karmanagari project by the state government will help people get into the districts that were earlier not approachable. This will benefit the industries, according to Panja. The state government had formally launched the project in February 2021 on 2483 acres of land belonging to the West Bengal Industrial Development Corporation (WBIDC).

The project has been conceptualised as part of the Amritsar-Kolkata Industrial Corridor, which is aimed at development of integrated manufacturing clusters at certain identified key nodes along the alignment of the Eastern Dedicated Rail Freight Corridor along Dankuni.



**Shashi Panja**

> The meeting will take place on Nov 5 at Nabanna, in presence of Chief Ministers from states, including Bihar, Jharkhand and Odisha

Along with Panja, president Elect of Calcutta Chamber of Commerce Kishan Kumar Kejriwal, senior V-P of Calcutta Chamber of Commerce Hari Shankar Halwasiya and Past president and chairman of MSME, FICCI Eastern Region R K Chhajer were also present.

She also added that big, middle or small names in the industries are all important for the state government.

"Two points are extremely important for the investors — political stability and the captains of the industry," Panja said while adding that the state has the stability and captains, referring to the Chamber members.